

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ২৭ আগস্ট, ২০২০ ২৩:১২

প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার উদ্বোধন

| সাভার (ঢাকা) প্রতিনিধি



সাভারে উদ্বোধন করা হলো সম্পূর্ণ সরকারি অর্থায়নে দেশের প্রথম প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার। বৃহস্পতিবার বিকালে সাভারের সিএন্ডবি এলাকায় ১.৬৪ একর জমিতে স্থাপিত অত্যাধুনিক এই গবেষণাগারটি উদ্বোধন করেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম।

মন্ত্রী এ সময় বলেন, মানসম্মত টেকসই উন্নয়নের লক্ষ্য নিয়ে দেশ এগিয়ে চলছে। এরই ধারাবাহিকতায় দেশে এই গবেষণাগার স্থাপন করা হয়েছে। এর ফলে প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণের মাধ্যমে দেশের জনগণ মানসম্মত পণ্য ভোগ করতে পারবে, এছাড়া প্রাণিজাত পণ্যের রপ্তানি বাণিজ্যেও এর সুফল পাওয়া যাবে।

পরে মন্ত্রী গবেষণাগার পরিদর্শন করেন। পরিদর্শন শেষে গবেষণাগারের বিজ্ঞানী ও কর্মকর্তাদের সাথে প্রকল্পের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এ সময় শোকাবহ আগস্ট স্মরণে ১ মিনিট নিরবতা পালন করা হয়।

উদ্বোধন অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন দুর্যোগ ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা এনামুর রহমান, যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কাজী ওয়াছি উদ্দিনসহ মন্ত্রণালয় ও বিভিন্ন অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তাগণ।

বিডি প্রতিদিন/আল আমীন

Print